

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

তথ্য অধিদফতর



আঞ্চলিক তথ্য অফিস, ময়মনসিংহ



সংবাদকর্ম : ০২-৯৯৬৬৬১৩৭০ E-mail- pidmymensingh@gmail.com, Facebook: Pid Mymensingh

সংবাদ গতিধারা

স্থানীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ,
গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

সংখ্যা-১২৭/২০২৩-২০২৪

ময়মনসিংহ, ০৯ এপ্রিল, মঙ্গলবার ২০২৪, ২৬ চৈত্র ১৪৩০

আজকের স্থানীয় দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে:

- ০১। ব্রাজিলকে সরাসরি তৈরি পোশাক নেয়ার আহবান প্রধানমন্ত্রীর
- ০২। ঢাকা ময়মনসিংহ মহাসড়কে যাত্রীর ঢল; ঈদযাত্রায় ট্রেনে নাশকতার কোনো তথ্য নেই
- ০৩। উপজেলা ভোটের দ্বিতীয় ধাপের নির্বাচনেও আপিল কর্তৃপক্ষ জেলা প্রশাসক
- ০৪। জামালপুরে হাসপাতালকে জরিমানা, অপারেশন থিয়েটার ও প্যাথলজি সিলগালা

০১। ব্রাজিলকে সরাসরি তৈরি পোশাক নেয়ার আহ্বান প্রধানমন্ত্রীর

ব্রাজিলকে বাংলাদেশ থেকে সরাসরি তৈরি পোশাক আমদানি করার আহ্বান জানিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সোমবার (০৮ এপ্রিল) সকালে সফররত ব্রাজিলের পররাষ্ট্রমন্ত্রী মাউরো ভিয়েরার সঙ্গে গণভবনে সৌজন্য সাক্ষাৎকালে তিনি এ আহ্বান জানান। পরে প্রধানমন্ত্রীর স্পিচ রাইটার মো. নজরুল ইসলাম সাংবাদিকদের ব্রিফ করেন। বৈঠকে প্রধানমন্ত্রী বলেন, তৃতীয় পক্ষের মাধ্যমে বাংলাদেশ সীমিত আকারে ব্রাজিলে তৈরি পোশাক রপ্তানি করছে। ব্রাজিল যদি বাংলাদেশ থেকে সরাসরি তৈরি পোশাক আমদানি করে, সেটা ব্রাজিলের জন্য আরও সাশ্রয়ী হবে। সূত্র: দৈনিক স্বদেশ সংবাদ, দৈনিক স্বজন, আজকের বাংলাদেশ।

০২। ঢাকা ময়মনসিংহ মহাসড়কে যাত্রীর ঢল; ঈদযাত্রায় ট্রেনে নাশকতার কোনো তথ্য নেই

সোমবার (০৮ এপ্রিল) দুপুরে ছুটি পেয়ে শিল্প অধুষিত গাজীপুর থেকে লাখ লাখ গার্মেন্টস শ্রমিক ঈদযাত্রায় शामिल হয়েছেন। এতে গাজীপুরের ঢাকা-টাঙ্গাইল ও ঢাকা-ময়মনসিংহ মহাসড়কে ঘরমুখো মানুষের ঢল নেমেছে। ঢাকা-ময়মনসিংহ মহাসড়কে বিশৃঙ্খলাজনিত কারণে যানজট পরিলক্ষিত হয়েছে, তবে অন্যান্য বারের তুলনায় সেটি কম ছিলো। এদিকে অন্যান্য বছরের তুলনায় ট্রেন যাত্রাতেও ভোগান্তি কমেছে অনেকটাই। এদিকে, ঈদযাত্রায় ট্রেনে নাশকতা বা সহিংসতার কোনো তথ্য নেই, মানুষ নির্বিঘ্নে যাতায়াত করতে পারবে বলে জানিয়েছেন র্যাবের লিগেল এন্ড মিডিয়া উইংয়ের পরিচালক কমান্ডার খন্দকার আল-মঈন। সোমবার (০৮ এপ্রিল) সকালে রাজধানীর কমলাপুর রেলওয়ে স্টেশনে ঈদযাত্রার পরিদর্শন শেষে সাংবাদিকদের এ কথা বলেন তিনি। সূত্র: দৈনিক স্বজন ও দৈনিক সবুজ।

০৩। উপজেলা ভোটারের দ্বিতীয় ধাপের নির্বাচনেও আপিল কর্তৃপক্ষ জেলা প্রশাসক

আসন্ন ষষ্ঠ উপজেলা পরিষদ ভোটে দ্বিতীয় ধাপের নির্বাচনেও আপিল কর্তৃপক্ষ হিসেবে জেলা প্রশাসকদের নিয়োগ দিয়েছে নির্বাচন কমিশন (ইসি)। সংস্থাটির নির্বাচন ব্যবস্থাপনা শাখার উপসচিব মো. আতিয়ার রহমান ইতিমধ্যে সংশ্লিষ্টদের এ সংক্রান্ত নিয়োগের চিঠি দিয়েছেন। এর আগে প্রথম ধাপের নির্বাচনেও জেলা প্রশাসকদেরই আপিল কর্তৃপক্ষ হিসেবে নিয়োগ দিয়েছিলো ইসি। সূত্র: আজকের বাংলাদেশ।

০৪। জামালপুরে হাসপাতালকে জরিমানা, অপারেশন থিয়েটার ও প্যাথলজি সিলগালা

জামালপুরে চিকিৎসায় অবহেলা ও লাইসেন্স নবায়ন না থাকায় একটি বেসরকারি হাসপাতালকে ৫০ হাজার টাকা জরিমানা এবং অপারেশন থিয়েটার ও প্যাথলজি সিলগালা করা হয়েছে। সোমবার (০৮ এপ্রিল) দুপুরে শহরের শহীদ হারুন সড়কের মানবসেবা হাসপিটাল ও ডায়াগনস্টিক সেন্টারে চিকিৎসা অবহেলার কারণে এক রোগীর মৃত্যুর অভিযোগে অভিযান পরিচালনা করে জেলা স্বাস্থ্য বিভাগ ও ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর। জেলা সিভিল সার্জন ডা. ফজলুল হক জানান, রোগী মৃত্যুর অভিযোগের বিষয়টি নজরে এলে অভিযানে এসে অভিযোগের বিষয়ে সত্যতা পাওয়া যায়। হাসপাতাল কর্তৃপক্ষ যথাযথ কাগজপত্র প্রদর্শন করতে না পারায় তাদের জরিমানা এবং অপারেশন থিয়েটার ও প্যাথলজি সিলগালা করা হয়েছে। সূত্র: দৈনিক স্বদেশ সংবাদ, দৈনিক নিউ টাইমস ও দৈনিক আজকের ময়মনসিংহ।

সম্পাদকীয়

- (ক) **দৈনিক স্বদেশ সংবাদ:** টানা কয়েকদিন ধরে চলা তাপপ্রবাহের কারণে দেশের বিস্তীর্ণ অঞ্চলের মানুষকে গরমে ভোগান্তি পোহাতে হয়েছে। এমন অবস্থায় নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ না থাকায় পরিস্থিতি অসহনীয় পর্যায়ে গিয়ে পৌঁছায়। দেশে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ কিভাবে নিশ্চিত করা যায়, বিষয়টি সরকারের গভীর পর্যালোচনায় রাখতে হবে। রাজধানীকেন্দ্রিক নয়, সমতাভিত্তিক বিদ্যুৎ বিতরণ ব্যবস্থা নিশ্চিত করতে হবে।
- (খ) **দৈনিক সবুজ, দৈনিক নিউ টাইমস ও দৈনিক আজকের ময়মনসিংহ:** দেশে ব্যাণ্ডের ছাতার মতো গড়ে উঠছে ইটভাটা। আর ইটভাটার বিষাক্ত ধোঁয়ায় ধ্বংস হচ্ছে পরিবেশ, মানুষ ভুগছে বিভিন্ন দুরারোগ্য ব্যাধিতে। ইটভাটার জ্বালানি হিসেবে গাছপালা কেটে কাঠ পোড়ানো বন্ধ করাসহ অবৈধ ও পরিবেশ দূষণকারী ইটভাটাগুলোর বিরুদ্ধে কঠোর আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে। ইটভাটার ক্ষতিকর দিকগুলো তুলে ধরে সরকারকে ব্যাপকভাবে প্রচারণা চলাতে হবে।
- (গ) **আজকের বাংলাদেশ:** অগ্নি-দুর্ঘটনা বর্তমানে নিত্যনৈমিত্তিক ব্যাপার হয়ে দাঁড়িয়েছে। অগ্নি-দুর্ঘটনা এড়াতে জনসচেতনতা খুবই জরুরী। অগ্নি দুর্ঘটনা এড়াতে আবাসিক ভবনের বাসিন্দা ও কর্মচারী এবং বাণিজ্যিক প্রতিষ্ঠানের কর্মচারীদের আগুন নির্বাপণে প্রশিক্ষণ দিতে হবে। মেয়াদোত্তীর্ণ গ্যাস সিলিন্ডার ব্যবহার থেকে বিরত থাকতে হবে। গৃহনির্মাণের ক্ষেত্রে রাস্তা বড় রাখার বিষয়ে বিশেষ নজর দিতে হবে। সর্বোপরি, অগ্নিজনিত দুর্ঘটনা রোধে নিয়ম-কানুন মেনে চলা এবং সতর্ক থাকার কোনো বিকল্প নেই।

প্রবন্ধ/নিবন্ধ

- ০১। অসং ব্যবসায়ীদের রোজায় বাণিজ্য- মো. হায়দার আলী (দৈনিক স্বজন, দৈনিক সবুজ, দৈনিক নিউ টাইমস ও দৈনিক আজকের ময়মনসিংহ)

#

রিদওয়ান/রেজভী/সজিব/২০২৪/১০.৩০ ঘণ্টা।